

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতি, গোপালগঞ্জ।

টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮

E-mail:gopalganj_pbs@yahoo.com

Web site: www.pbs.gopalganj.gov.bd



ISO-9001:2015 Certified
(QMS) certified

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০০৮.২২. ৪৮ ৪৩

তারিখঃ- ২১ অগ্রহায়ণ' ১৪২৯ বঙ্গাব্দ।

০৬ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ।


“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

গোপালগঞ্জ পবিস এর পরিচালন ও রক্ষণাক্ষেপ স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য ট্রান্সফরমার ও মিটারের কাঠের বক্স এবং তারের খালি ড্রাম (জ্বালানী হিসেবে ব্যবহারযোগ্য) “যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়” নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রঃনং	মালামালের বিবরণ	পরিমাণ (কেজি)	উদ্বৃত্ত একক দর (টাকা) (প্রতি কেজি)	উদ্বৃত্ত মোট দর (টাকা)
০১.	স্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য ট্রান্সফরমার ও মিটারের বক্স এবং তারের খালি ড্রাম ((জ্বালানী হিসেবে ব্যবহারযোগ্য)।	২০০০ (দুই হাজার)		
মোট=				


- আগ্রহী দরদাতাগণ আগামী ১২-১২-২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে নিজস্ব লেটার হেড প্যাডে দর উল্লেখ পূর্বক (ক) জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতি, গোপালগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচ তলা বিদ্যমান অভ্যর্থনা কেন্দ্রে রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- দাখিলকৃত দরপত্রসমূহ ১২/১২/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:০৫ ঘটিকায় বর্ণিত দাখিলকৃত স্থানে একযোগে উপস্থিত প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিতি থাকেন) দরপত্র খোলা হবে। ডাক/কুরিয়ারে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- নিলামে দরপত্রের সাথে উদ্বৃত্ত দরের ২৫% অর্থ নিরাপত্তা জামানত হিসেবে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত বিহীন এবং অত্র পবিসের সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে প্রদত্ত দরের দরপত্র সরাসরি বাতিল বলে বিবেচিত হবে।
- বর্ণিত মালামাল সমূহ আগামী ১১/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতীত) প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- মালামালের নাম, একক দর, দরদাতার নাম ঠিকানা ইত্যাদি সুস্পষ্টভাবে দরপত্রে উল্লেখ করতে হবে।
- কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় মূল্য নগদ আকারে পরিশোধ করে বর্ণিত মালামাল সমূহ নিজ খরচে অত্র সমিতি হতে গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাবদ প্রদত্ত সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

৭. কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী ভ্যাট এবং উৎসকর সরকারী খাতে জমা প্রদান করে ট্রেজারী চালানের কপি সমিতিতে দাখিল পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। খামের উপর “নিলাম দরপত্র” উল্লেখ করতে হবে।
৮. মালামাল সরবরাহের সময় ওজন করে দেয়া হবে। পরিমাণ কম/বেশী হলে মূল্য সমন্বয় করা হবে।
৯. শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০. কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


 ০৬/১২/১২
 (মোঃ হাদিউজ্জামান)
 জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।
- ০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
- ০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ. গোপালগঞ্জ।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো. গোপালগঞ্জ।
- ০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,-----পবিস-১/২/৩/৪।
- ০৯। সকল ডিজিএম, গোপালগঞ্জ পবিস।
- ১০। এজিএম,আইটি, গোপালগঞ্জ পবিস।(ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)
- ১১। মের্সাস-----।
- ১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, গোপালগঞ্জ পবিস।
- ১৩। অফিস/মাস্টার কপি।


 ০৬/১২/১২
 (মোঃ হাদিউজ্জামান)
 জেনারেল ম্যানেজার।

